অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/12/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল স্টেটব্যাপী আইন শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর 'রেড ফ্ল্যাগ' আইনের ব্যবহার ব্যাপকভাবে বৃদ্ধির ঘোষণা করলেন, যা নিজেদের বা অন্যদের ঝুঁকিগ্রস্ত করতে পারে এমন ব্যক্তিদের ফলে হওয়া বন্দুক সহিংসতা থেকে নিউ ইয়র্কবাসীকে সুরক্ষিত রাখবে

সম্পূর্ণ 2021 সালের তুলনায় গত তিন মাসে উল্লেখযোগ্য পরিমাণ বেশি রেড ফ্ল্যাগ আবেদন জমা করা হয়েছে

রেড ফ্ল্যাগ আবেদনে স্টেট পুলিশ 93 শতাংশের বেশি বৃদ্ধি, সাফোক কাউন্টির শেরিফের অফিস 75 শতাংশের বেশি বৃদ্ধি রিপোর্ট করেছে

অগ্রগতি এসেছে গভর্নর হোকলের নির্বাহী আদেশ বাস্তবায়িত হওয়ার এবং রেড ফ্ল্যাগ আইন বাস্তবায়ন আবশ্যককারী নতুন বিধিমালা পাশ করার পর

স্টেট এভরিটাউন ফর গান সেফটির সাথে অংশীদারিত্বে নতুন রেড ফ্ল্যাগ আইন প্রশিক্ষণ প্রদান করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে নিউ ইয়র্কের রেড ফ্ল্যাগ আইনের (Red Flag Law) অধীনে চরম ঝুঁকি সুরক্ষা আদেশের (Extreme Risk Protection Orders, ERPO) আবেদনের সংখ্যা ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে, এবং সম্পূর্ণ 2021 সালের তুলনায় গত তিন মাসে উল্লেখযোগ্য পরিমাণ বেশি রেড ফ্ল্যাগ আবেদন জমা করা হয়েছে। বাফেলোতে গণ গুলিবর্ষণের পর গভর্নর হোকল যে সিদ্ধান্তমূলক পদক্ষেপ গ্রহণ করেছেন তার ফলে এই বৃদ্ধি হয়েছে, তিনি স্টেট পুলিশের জন্য রেড ফ্ল্যাগ আইনের ব্যবহার বিস্তৃত করা আবশ্যক করে একটি নির্বাহী আদেশ (Executive Order) জারি করেন এবং আইনসভার সাথে কাজ করে একটি নতুন আইন পাশ করান যা নিউ ইয়র্কের সকল আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সির জন্য এই সম্ভাব্য জীবন রক্ষাকারী আদেশের ব্যবহার বৃদ্ধি করা আবশ্যক করে। গভর্নর সাফোক কাউন্টিতে এই ঘোষণা করেন যেখানে কাউন্টি শেরিফের অফিস গত তিন মাসে রেড ফ্ল্যাগ আইন ব্যবহারে 75 শতাংশের বেশি বৃদ্ধি রিপোর্ট করেছে।

"গভর্নর হিসেবে আমার শীর্ষ অগ্রাধিকার নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখা," **গভর্নর হোকল বলেন।** "আমার হোমটাউন বাফেলোতে ভয়ঙ্কর গুলিবর্ষণের পরিপ্রেক্ষিতে, আমরা আমাদের

সড়ক থেকে অবৈধ বন্দুক অপসারণ করতে এবং নিজেদের বা অন্যদের ক্ষতিগ্রস্ত করতে পারে এমন ব্যক্তিদের কাছ থেকে বন্দুক সরিয়ে নিতে দ্রুত এবং সিদ্ধান্তমূলক পদক্ষেপ গ্রহণ করেছি। এখন, আমরা দেখছি যে আমাদের প্রচেষ্টা কাজ করছে, আমাদের আইন শৃঙ্খলা রক্ষাকারী অংশীদারদের বীরত্বপূর্ণ প্রচেষ্টার কল্যাণে, যারা জননিরাপত্তা সুরক্ষিত রাখতে এবং বন্দুক সহিংসতার কলঙ্ক শেষ করতে সম্মুখ সারিতে দাঁড়িয়ে লড়াই করে যাচ্ছে।"

বাফেলো গুলিবর্ষণের চার দিন পর, 18 মে তারিখে গভর্নর হোকল একটি নির্বাহী আদেশ জারি করেন যা কোনও ব্যক্তি নিজের বা অন্যের প্রতি বিপজ্জনক হতে পারে এমন সম্ভাব্য কারণ থাকলে স্টেট পুলিশকে একটি ERPO-র জন্য আবেদন করার নির্দেশ দেয়। 6 জুলাই গভর্নরের স্বাক্ষর করা একটি নতুন স্টেট আইন কার্যকর হয়, যা এই আদেশটিকে সকল আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সি ও ডিস্ট্রিক্ট অ্যাটর্নির জন্য বিস্তৃত করা হয়। এছাড়াও আইনটি করা আদেশটির আবেদন করতে পারবে সেই তালিকায় সংযোজন করে।

গত তিন মাসে (মে-আগস্ট 2022) নিউ ইয়র্ক স্টেটে 832টি অস্থায়ী ও চূড়ান্ত ERPO জারি করা হয়েছে, তুলনা করতে গেলে আগস্ট 2019 থেকে এপ্রিল 2022 পর্যন্ত 1,424টি জারি করা হয়েছিলো।

18 মে, 2022 তারিখে গভর্নর হোকল নির্বাহী আদেশ 19 স্বাক্ষর করার পর থেকে স্টেট পুলিশ 184টি রেড ফ্ল্যাগ আবেদন জমা করেছে, যা পুরো 2021 সালে স্টেট পুলিশের জমা করা 95টি আদেশের তুলনায় 93 শতাংশের অধিক বেশি। সাফোক কাউন্টি 2019 সালের আগস্ট মাসে রেড ফ্ল্যাগ আইন প্রণীত হওয়ার পর থেকে ERPO ব্যবহারের ক্ষেত্রে শীর্ষে আছে। 16 মে সপ্তাহ থেকে, সাফোক কাউন্টির শেরিফের অফিস (Suffolk County Sheriff's Office) 114টি সুরক্ষা আদেশ প্রদান করেছে, যা পুরো 2021 সালের তুলনায় 75 শতাংশের অধিক বৃদ্ধি।

স্টেটের পুলিশ সুপারিন্টেন্ডেন্ট কেভিন পি. ব্রুয়েন বলেন, "আমরা বন্দুক সহিংসতা হ্রাসে মনোযোগী এবং আমাদের সদস্যদের জন্য এই মিশন সফল করার জন্য প্রয়োজনীয় সংস্থান প্রদান করার ক্ষেত্রে গভর্নরের সমর্থনের আমরা প্রশংসা করছি। ফ্ল্যাগ আইনটি আইন প্রয়োগকারী সংস্থা, পরিবারের সদস্য এবং স্বাস্থ্য পেশাদার হস্তক্ষেপ করার এবং সহিংসতা ঘটার পূর্বেই প্রতিরোধ করার ক্ষমতা প্রদান করে। স্টেট পুলিশ জনসাধারণকে তাদের স্কুল বা কমিউনিটিগুলোতে সন্দেহজনক ক্রিয়াকলাপ পর্যবেক্ষণ করার অনুপ্রেরণা দেয়। প্রাসঙ্গিক তথ্য জানিয়ে দেয়ার মাধ্যমে, আমরা সকলেই ট্র্যাজেডি প্রতিরোধে সহায়তা করতে পারি।"

গভর্নর হোকল এছাড়াও ঘোষণা করছেন যে নিউ ইয়র্ক স্টেটের অপরাধ ন্যায়বিচার সেবা ডিভিশন (Division of Criminal Justice Services, DCJS) এবং এভরিটাউন ফর গান সেফটির (Everytown for Gun Safety) সাথে অংশীদারিত্বে স্টেট আইন শৃঙ্খলা রক্ষাকারীদের জন্য একটি বিনামূল্যের প্রশিক্ষণ ওয়েবিনারের ব্যবস্থা করছে যার শিরোনাম "Extreme Risk Protection Orders - Overview for Law Enforcement (চরম ঝুঁকি সুরক্ষা আদেশ - আইন শৃঙ্খলা রক্ষাকারীদের জন্য ওভারভিউ)।" নিউ ইয়র্কের সকল আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিকে প্রদত্ত প্রশিক্ষণটি অনুষ্ঠিত হবে 24 আগস্ট, এবং এটিতে চরম ঝুঁকিপূর্ণ ব্যবহার সনাক্ত করা, কীভাবে ERPO-র আবেদন, নির্বাহ ও সম্প্রসারণ করতে হবে সে ব্যাপারে বলা হবে।

অপরাধ ন্যায়বিচার ডিভিশনের কমিশনার রোসানা রোসাডা বলেন, "গণ গুলিবর্ষণের পর প্রায়ই দেহকে যায় যে আমরা 'রেড ফ্ল্যাগ' সম্পর্কে জানতে পারি, যা হলো অস্থির বা ঝুঁকিপূর্ণ আচরণের প্যাটার্ন যেগুলিকে হয়তো খেয়াল করা যায় না, অগ্রাহ্য করা হয় বা গুরুত্ব দেওয়া হয় না। আমি চরম ঝুঁকি সুরক্ষা আদেশ জোরদার করতে গভর্নর হোকলের পদক্ষেপসমূহের প্রশংসা করছি এবং আমার এজেন্সি এভরিটাউনের সাথে অংশীদারিত্ব করে আইন শৃঙ্খলা রক্ষাকারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে পেরে গর্বিত যা তাদেরকে এই আদেশকে নিজেদের সম্প্রদায়সমূহকে নিরাপদ রাখার জন্য 'আরেকটি হাতিয়ার' হিসেবে ব্যবহার করতে সাহায্য করবে।"

সাফোক কাউন্টি নির্বাহী স্টিভ বেলোন বলেন, "গভর্নর হোকলের নেতৃত্বের কল্যাণে, নিউ ইয়র্ক বিচক্ষণ বন্দুক নিয়ন্ত্রণের ক্ষেত্রে সবথেকে এগিয়ে আছে। সাফোকে আমরা 2019 সালের আগস্ট মাসে রেড ফ্ল্যাগ আইন প্রণীত হওয়ার পর থেকে ERPO ব্যবহারের ক্ষেত্রে শীর্ষে থাকতে পেরে গর্বিত। আমরা আমাদের সম্প্রদায়সমূহকে সুরক্ষা প্রদান করতে, আমাদের বাসিন্দাদের নিরাপত্তা নিশ্চিত করতে, এবং নিজেদের ও অন্যদের জন্য বিপজ্জনক হতে পারে এমন মানুষের হাত থেকে বন্দুক দূরে রাখতে সিদ্ধান্তমূলক পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখবো।"

সাফোক কাউন্টির পুলিশ কমিশনার রোডনি কে. হ্যারিসন বলেন, "সাফোক কাউন্টি কোর্ট কর্তৃক নিজেদের বা অন্যদের জন্য হুমকির কারণ হতে পারে এমন ব্যক্তিদের কাছ থেকে আগ্নেয়াস্ত্র দূরে রাখার জন্য রেড ফ্ল্যাগ আইন ব্যবহারের ক্ষেত্রে স্টেটের মধ্যে শীর্ষে রয়েছে এবং সাফোক কাউন্টির পুলিশ ডিপার্টমেন্ট (Suffolk County Police Department) এই কাজ অব্যাহত রাখতে অঙ্গীকারবদ্ধ। "আমি মিউনিসিপ্যালিটিগুলিকে আমাদের বাসিন্দাদের নিরাপদ রাখার জন্য এবং বিশেষ করে স্কুলের শিশু ও স্থানীয় ব্যবসার পৃষ্ঠপোষকদের নিরাপদ রাখার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা প্রদান করার মাধ্যমে এই ব্যাপারে গভর্নর হোকলের নেতৃত্বদানের প্রশংসা করছি।

সাফোকের শেরিফ এরোল ডি. টোলন জুনিয়র বলেন, "সাফোক কাউন্টি পুরো স্টেটে ERPO-র ক্ষেত্রে শীর্ষে আছে এবং আমাদের প্রিয়জন, বন্ধু, এবং প্রতিবেশীদের ভিকটিম হওয়া ঠেকাতে আমাদের ডেপুটিরা সম্মুখসারিতে থেকে কাজ করে যাচ্ছে। আমরা সাফোকের মডেল আরো ভালো করতে, যার উদ্দেশ্য মর্মান্তিক ঘটনা প্রতিরোধ করা এবং আমাদের সম্প্রদায়সমূহকে নিরাপদ রাখা, আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সিগুলির সাথে কাজ করে যাবো।আমি স্টেটজুড়ে আইন শৃঙ্খলা রক্ষাকারী এজেন্সির নারী ও পুরুষদের প্রতিদিনের করা এই কঠিন এবং গুরুত্বপূর্ণ কাজের স্বীকৃতি দানের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

এভরিটাউন ফর গান সেফটির স্টেট সরকার অ্যাফেয়ার্সের সিনিয়র পরিচালক মনিশা হেনলি বলেন, "রেড ফ্ল্যাগ আইনগুলি হলো একটি শক্ত ভিতের বন্দুক নিরাপত্তা পলিসি যা বন্দুককে সঙ্কটে থাকা ব্যক্তিদের হাতের নাগালের বাইরে রাখে, প্রিয়জন ও পরিবারকে নিরাপদ রাখে, এবং নিউ ইয়র্ক স্টেটজুড়ে সম্প্রদায়সমূহকে রক্ষা করে। আমরা গভর্নর হোকলের অব্যাহত অংশীদারিত্বের জন্য তার প্রতি কৃতজ্ঞ, এবং আমরা এই আইনগুলি যাতে কার্যকরভাবে বাস্তবায়িত হয় তা নিশ্চিত করতে স্টেটের চলমান প্রচেষ্টাকে সমর্থন করা অব্যাহত রাখতে উন্মুখ।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন